সমঝোতা হলে ১০০ আসন ছাড়তে প্রস্তুত জামায়াত: পরওয়ার



সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচনে ৩০০ আসনে প্রতিদ্বন্দ্বিতার প্রস্তুতি নিচ্ছে জামায়াতে ইসলামী। তবে সমমনা দলগুলোর সঙ্গে সমঝোতা হলে দলটি ১০০ আসন ছাড়তেও রাজি বলে জানিয়েছেন সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, জামায়াত কমপক্ষে ২০০ আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে।

জাতীয় নির্বাচনে অংশগ্রহণের প্রস্তুতি সম্পর্কে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামী সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি জানান, দলটি দেশের সবকটি ৩০০ আসনে নির্বাচনী প্রস্তুতি নিচ্ছে। তবে সমমনা রাজনৈতিক দলগুলোর সঙ্গে সমঝোতা হলে কিছু আসন ছেড়ে দেয়ার বিষয়েও তারা ভাবছে।

শুক্রবার (৩ অক্টোবর) দুপুরে খুলনা মহানগরীর আল ফারুক সোসাইটি কমপ্লেক্সে ছাত্রশিবিরের সদস্য পুনর্মিলনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

গোলাম পরওয়ার বলেন, “যদি ঐক্য গড়ে ওঠে তবে আমাদের কিছু আসন ছাড়তে হতে পারে। প্রয়োজনে ১০০ আসনও ছেড়ে দেয়া সম্ভব। তবে কমপক্ষে ২০০ আসনে জামায়াতের প্রার্থী থাকবে।”

তিনি আরও জানান, যেসব আসনে জামায়াতের জয়ের সম্ভাবনা কম বা আগে কখনো নির্বাচন করেনি, সেসব আসনই ছেড়ে দেয়া হতে পারে। একই সঙ্গে তিনি বলেন, যদি কোনো প্রার্থী মনে করেন তিনি অন্য আসনে বেশি জনপ্রিয়, তবে তাকে ভোটার তালিকা স্থানান্তর করতে হবে।

অনুষ্ঠানে ছাত্রশিবিরের সাবেক ও বর্তমান সদস্যদের পাশাপাশি স্থানীয় জামায়াত নেতাকর্মীরাও উপস্থিত ছিলেন।